## শিবচর উপজেলা পরিষদের ২০২২ সনের ১০ম (অক্টোবর)মাসের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আঃ লতিফ মোল্লা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ১৪-১১-২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | বেলা ১১.০০ঘটিকা |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত**

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-০১।** গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি গত ০৪-১০-২০২২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২।** বিভাগ ভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ

(ক) **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর স্বাস্থ্য কমপ্লেক্স সকাল ৮.০০ টা থেকে বিরতিহীন চিকিৎসা সেবা প্রদান করা হয় ।তিনি বলেন, হাসপাতালে ২৪ ঘন্টা ইমার্জেন্সী চালু রয়েছে। হাসপাতালে ভর্তি যে সকল রোগী আছে ও বহি: বিভাগে এবং জরুরী বিভাগে আগত যে সকল রোগী আসেন তাদেরকে বিনামূল্যে ঔষধ সরবরাহ করা হচ্ছে। জনবল (৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী) সংকট রয়েছে, যার কারণে রোগীদের সেবা দিতে হিমশিম খেতে হচ্ছে। তিনি আরও বলেন, সরকার কর্তৃক প্রদেয় করোনা ভাইরাসের ভ্যাকসিনের যে লক্ষ্যমাত্রা দিয়েছিল তা অর্জিত হয়েছে। তিনি আরও বলেন, ১০০ বেডের নতুন ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে। হাসপাতালে রোগীর চাপ থাকায় আইন-শৃংখলা রক্ষার্থে আনসার সদস্য মোতায়েনের জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, সরকারী নির্ধারিত মূল্যে হাঁস মুরগীর টিকা প্রদান করা হচ্ছে এবং বিনামূল্যে গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(গ) উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তিনি গত ১০/১১/২০২২ খ্রি: তারিখে কৃষি কর্মকর্তা হিসেবে শিবচর উপজেলায় যোগদান করেছেন। তিনি সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। সারের দাম সরকারী মূল্যে বিক্রি করা হচ্ছে। সারের দাম সরকারী নির্ধারিত মূল্যের চেয়ে যাতে দোকানদারগণ বেশী দামে বিক্রি করতে না পারে সে বিষয়ে মনিটরিং করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি আরও বলেন, সরকার থেকে নির্দেশনা প্রদান করেছে যে, আবাদী জমি যেন অনাবাদী না থাকে এবং আবাদী জমি যাতে সর্বোচ্চ ব্যবহার করা হয়, সেদিকে নজর দিতে হবে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঘ) এল,জি,ই,ডি বিভাগ ঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, শিবচর উপজেলায় বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের ধারায় নতুন ব্রীজ নির্মাণ কাজের স্বার্থে কিছু পুরাতন ফুট ব্রীজ/কালভার্ট ভেঙ্গে ফেলার প্রয়োজন হয়। উক্ত পুরাতন ফুট ব্রীজ/কালভার্ট ভাঙ্গার পুরাতন মালামাল নিলামে বিক্রয় করার প্রয়োজন। সে মোতাবেক নিম্নেবর্ণিত পুরাতন ফুট ব্রীজ/কালভার্ট এর পুরাতন মালামাল নিলামে বিক্রয়ের নিমিত্তে তালিকা প্রস্তুত করা হলো।

| ক্রমিক নং | সড়কের নাম | প্রাপ্ত মালামালের পরিমান | বাজার দর (প্রতি কেজি) | মোট টাকা |
|---|---|---|---|---|
| ক) | আরএন্ডএইচ বাইপাস সড়ক হতে কাঁঠালবাড়ী ফেরী ঘাট ভায়া কুতুবপুর জিসি সড়কের ৪টি ব্রীজ। ৫৭৭, ১৪৩৮, ৭৫৭১ ও ৮১৮৮ মিটার চেইনেজে পুরাতন জরাজীর্ণ ব্রীজ গুলির অপসারনকৃত পুরাতন মালামাল। | ৬৪৭৪.৫৫ কেজি এম,এস রড। | ২৫/= | ১৬১৮৬৩.০০ |
| খ) | এনএইচডব্লিউ, পাচ্চর বাস ষ্ট্যান্ড হইতে মাদবরেরচর গ্রোথ সেন্টার সড়কের ৬২.০০ মিটার চেইনেজে পুরাতন জরাজীর্ণ ব্রীজের অপসারনকৃত পুরাতন মালামাল। | ৯৭৬.২৪ কেজি এম,এস রড। | ২৫/= | ২৪৪০৬.০০ |
| গ) | ইউএনআর -৫, আব্দুল হালিম বাড়ী হতে সিরাজ প্রফেসরের বাড়ী সড়কের ২১৫.০০ মিটার চেইনেজে পুরাতন জরা জীর্ণ ব্রীজের অপসারনকৃত পুরাতন মালামাল। | ৯৭৩.২৪ কেজি এম,এস রড। | ২৫/= | ২৪৩৩১.০০ |
| ঘ) | অত্র উপজেলার বিভিন্ন সড়কে মোট=৭ (সাত)টি পুরাতন জরাজীর্ণ সরু ফুট ব্রীজ গুলির অপসারনকৃত পুরাতন মালামাল।<br>শিবচর হেড কোয়ার্টার হতে গোপালপুর রোড ভায়া চরচান্দ্রা জিসি চেইঃ ২৩০.০০মিঃ, চেইঃ ৮১০.০০মিঃ, চেইঃ ৩২৩৫.০০মিঃ এবং ৬৬৪০.০০ মিঃ চেইনেজে ৪টি ছোট ফুট ব্রীজ।<br>ইউজেডআর-১ (চর রামায়নকান্দি) হতে ভিআরএ-১১ সপ মঞ্জু মেম্বার সড়ক চেইঃ ৪০.০০মিঃ এ ১টি ছোট ফুট ব্রীজ।<br>এনএইচডব্লিউ,বাখরেরকান্দি বাস ষ্ট্যান্ড হতে শরীয়তপুর আরএন্ডএইচ ভায়া কুতুবপুর হাট ও কুতুবপুর জিসি-কুতুবপুর ইউপি অফিস সড়ক চেইঃ ১১১৫৮.০০মিঃ এবং ১২০৪৩.০০ মিঃ এ ২টি ছোট ফুট ব্রীজ।<br>বাঁশকান্দি এফডব্লিউসি হতে সাতভাগিয়া রোড ভায়া পূর্ব মির্জারচর সড়ক চেইঃ ২৭৫০.০০মিঃ এবং ৩১১০.০০ মিঃ এ ২টি ছোট ফুট ব্রীজ। | ৪৮৫২.৬০ কেজি এম,এস রড।<br>১০৬২.১০ কেজি এম,এস রড।<br>২০৯০.৬০ কেজি এম,এস রড।<br>১৮২০.২০ কেজি এম,এস রড। | ২৫/-<br>২৫/-<br>২৫/-<br>২৫/- | ১২১৩১৫.০০<br>২৬৫৫২.৫০<br>৫২২৬৫.০০<br>৪৫৫০৫.০০ |
| গ) | নিলখী ইউপি অফিস হতে বাঘমারা হাট সড়কে ৩৯০.০০ মিঃ চেইনেজে ১০.২০ মিঃ সরু বক্সকালভার্ট এর অপসারনকৃত পুরাতন মালামাল। | ১৩৭৬.৭ কেজি এম,এস রড। | ২৫/- | ৩৪৪১৭.০০ |
| ঘ) | কাউয়ার হাট হতে কবিরাজপুর জিসি ভায়া গোসাইদিয়া সড়কে ১২৩০.০০ মিঃ চেইনেজে | [illegible] কেজি | ২৫/ | [illegible] |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৫.২০ মিঃ সরু বক্সকালভার্ট এর অপসারনকৃত পুরাতন মালামাল। | এম,এস রড। | | |
| ঙ) | চান্দের চর জিসি (নুরুল আমিন কলেজ) হতে সিলারচর সড়কে ৩৭৬০.০০ মিঃ চেইনেজে ১২.০০ মিঃ সরু ৩টি বক্সকালভার্ট এর অপসারনকৃত পুরাতন মালামাল। | ২২৯৩.৪০ কেজি এম,এস রড। | ২৫/- | ৫৭৩৩৫.০০ |
| চ) | চান্দের চর জিসি (নুরুল আমিন কলেজ) হতে সিলারচর সড়কে ৭০৬৩.০০ মিঃ চেইনেজে ১৩.৫০ মিঃ সরু ১ টি বক্সকালভার্ট এর অপসারনকৃত পুরাতন মালামাল। | ৮২৬.৪০ কেজি এম,এস রড। | ২৫/- | ২০৬৬০.০০ |

**(ঙ) প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, মন্ত্রণালয় হতে প্রাইমারী স্কুলের বার্ষিক পরীক্ষা গ্রহণের নির্দেশনা পাওয়া গেছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক যথাসময়ে প্রাইমারী স্কুলের বার্ষিক পরীক্ষা নেয়া হবে। তিনি বলেন সরকারী প্রাইমারী স্কুলের শিক্ষার্থীদের উপবৃত্তির টাকার জন্য অন লাইনে জন্ম নিবন্ধন করতে হবে। জন্ম নিবন্ধন না করলে শিক্ষার্থীরা উপবৃত্তির টাকা থেকে তারা বঞ্চিত হবে। এ বিষয়ে সদয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মহোদয়কে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্তঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী প্রাইমারী স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীদের অন লাইনে জন্ম নিবন্ধন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নে বাস্তবায়ন কমিটি গঠন করা হলো ঃ

| | |
|---|---|
| সংশ্লিষ্ট ক্লাস্টার এর সহকারী উপজেলা শিক্ষা অফিসার | আহবায়ক |
| সংশ্লিষ্ট ইউনিয়নের পরিষদের সচিব | সদস্য |
| সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের উদ্যোক্তা | সদস্য |
| সংশ্লিষ্ট প্রাইমারী স্কুলের প্রধান শিক্ষক | সদস্য-সচিব |

উক্ত কমিটিকে ১৮ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে রিপোর্ট দাখিলের জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভায় জানান যে, চইএঝও স্কিমের আওতায় উপজেলা শ্রেষ্ঠ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান প্রাপ্তির জন্য মাধ্যমিক পর্যায়ের স্কুল ও মাদ্রাসা থেকে তথ্য চাওয়া হয়েছে। তা জরুরীভিত্তিতে স্কিম পরিচালকের বরাবর প্রেরণ করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার জন্য দৃষ্টি আকর্ষণ করেছে।এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ছ) উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ১লা নভেম্বর হতে জুন/২০২৩ পর্যন্ত ০৮ মাস ব্যাপী জাটকা অভিযান পরিচালিত হবে। বাজারে মনিটরিং কার্যক্রম চলমান আছে। নতুন করে জেলে নিবন্ধন করতে চাইলে তাদেরকে আবেদন করতে হবে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(জ) উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, প্রতিবন্ধী ও বয়স্ক ভাতার যে সকল ব্যক্তি বিকাশে টাকা পাননি তাদেরকে উপজেলা সমাজ সেবা অফিস, শিবচরে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন প্রতি বুধবার প্রতিবন্ধীদের জরিপ করা হয়। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঝ) উপজেলা নির্বাচন অফিসঃ উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঞ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, ইউনিয়ন পর্যায়ে গর্ভবতী মহিলাদের স্বাস্থ্য সেবা ও স্বাভাবিক প্রসব সেবা বিনামূলে প্রদান করা হয়। মাঠ পর্যায়ে অনেক পদ শূন্য থাকায় সেবার মান বিঘ্নিত হচ্ছে। ডিসেম্বর মাসে শূন্য পদে লোক নিয়োগ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বকেয়া বিদ্যুৎ বিলের টাকা পরিশোধের জন্য শিবচর উপজেলার সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

এ প্রসঙ্গে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, তার বাসায় নভেম্বর/২২ মাসে ৭৫০০/ টাকা বিদ্যুৎ বিল আসছে। বিষয়টি সভাকে অবহিত করেন।

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শিবচর বলেন, অনেক সময় বাসার মালিক যদি অন্য কারও লাইন দিয়ে থাকেন, তাহলে বিদ্যুৎ বিল বেশী হতে পারে। তার পরও বিষয়টি খতিয়ে দেখা হবে।

এ প্রসঙ্গে সভাপতি বলেন, ডিসেম্বর ও জানুয়ারী মাসে বিদ্যুৎ বিল বেশী আসে। অনেক সময় বিদ্যুৎ অফিসের কর্মচারীগণ রিডিং না দেখে আনুমানিক বিদ্যুৎ বিল করেন। বিষয়টি মনিটরিং করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ড) উপজেলা ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে বলেন যে, গ্রামীন রাস্তায় কম বেশী ১৫মিটার দৈর্ঘের সেতু/ কালভার্ট নির্মাণ প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের বাস্তবায়িত নিলখী ইউপির ০২ নং ওয়ার্ডের নিলখী ইউনিয়ন পরিষদ পূর্ব পার্শ্বে খালের উপর ৪০ফিট দৈর্ঘ্যের ব্রীজ নির্মাণ করা হয়েছিল। বর্তমানে এলজিইডি কর্তৃক রাস্তা ও ব্রীজ বর্ধিত করণের কাজ শুরু হয়েছে বিষয়টি অবগত হয়ে নির্মিত ব্রীজটি সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায় যে, এলজিইডি কর্তৃক ব্রীজটি ভেঙ্গে ফেলা হচ্ছে।

তিনি আরোও জানান যে, জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয়ের পরামর্শক্রমে ভান্ডারীকান্দি ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত হোসেন ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যান কেন্দ্রের বিপরীতে মুজিব কিল্লা নির্মাণ করা হবে। এছাড়া টি,আর/কাবিখা/কাবিটা ও অন্যান্য প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

(ঢ) উপজেলা সমবায় অফিসঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , শিবচর, মাদারীপুর সভাকে জানান যে,খাদ্য বান্ধব কর্মসূচীর ওয়েব সাইডে আপলোডকৃত বাদপড়া তালিকা চরজানাজাত/ ভদ্রাসন/ উমেদপুর/ কাঠালবাড়ী ও পাচ্চর ইউনিয়ন হতে পাওয়া যায়নি। দ্রুত তালিকা প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পুনরায় অনুরোধ জানান। ওএমএস ডিলার পয়েন্ট তদারকির জন্য তিনি উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ত) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তিনি ০৮/১১/২০২২ তারিখে যুব উন্নয়ন অফিসার হিসেবে শিবচর উপজেলায় যোগদান করেছেন। তিনি সকলে সহযোগিতা কামনা করেন।এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(দ) উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, ঠডই কার্যক্রমের আওতায় দরিদ্র, অসহায় মহিলাদের জন্য অনলাইন আবেদন ১৯টি ইউনিয়নে চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুরসভাকে জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন শিবচর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে,তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(য়) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

উপজেলা তথ্য কেন্দ্র সংক্রান্ত আলোচনাঃ উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র ,তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বলেন যে, ২০২২-২০২৩ অর্থবছরে ঠডই এর অনলাইন আবেদন এর কার্যক্রমটি চলমান রয়েছে। তথ্য আপা প্রকল্প এর মাধ্যমে অন লাইন ভিত্তিক আবেদন গুলো চূড়ান্ত পর্যায়ে বাছাই করার জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**বিবিধ আলোচনা-০১ঃ** উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা সংক্রান্ত আলোচনাঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা বাংলাদেশ সচিবালয়া, ঢাকার ২৯-০৮-২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০. ০০০০.০৪৬.২৬.

৪৯৮.২০-৫৩১নং স্বারকে উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপগাড়ির জ্বালানি ব্যবহার সংক্রান্ত জারির্কৃত পরিপত্রে ১৬ বা তার বেশি ইউনিয়নের জন্য প্রতি মাসে ২৫০ লিঃ/৩৫৮ ঘঃ মিঃ জ্বালানি/গ্যাস প্রদানের নির্দেশনা রয়েছে।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা চেয়ারম্যানের গাড়ির জ্বালানি ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা-০২ঃ নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে খাদ্যে ভেজালের হার কমাতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৩ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

**বাস্তবায়নেঃ** ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর, মাদারীপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আব্দুল লতিফ মোল্লা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২২-৮৬৫

তারিখঃ ১৪-১১-২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। জেলা প্রশাসক, মাদারীপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
৭। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
৯। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।
১০। চেয়ারম্যান ..........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।
১১। জনাব .............................................. শিবচর, মাদারীপুর।
১২। অফিস কপি।

১৪.১১.২০২২
উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর।